Govt. of India Regd. No. R. N. I. - 30027 / 76

কৃষি-প্রাণীপালন-মৎস্য ও গ্রামোন্নয়ন সম্পর্কিত

P. Regd. N. N. D. N. / W.B. NDA. - 32/2021-2023

# চাষীভাই

Chasi Bhai (Bengali Weekly)

P.O. - Karimpur, Nadia, W.B., Pin. - 741152

প্রতিষ্ঠাতা সম্পাদক ঃ প্রয়াত অমল কুমার সরকার

ছাপার জন্য

**ইলা আর্ট প্রেস**

প্রোঃ - শরদিন্দু বিশ্বাস

রাজা রোড, চৌধুরীপাড়া,
কৃষ্ণনগর, নদীয়া

মোঃ- 9474592692

WhatsApp: 7501581821

বর্ষ - ৪৭ ❖ ৫০ সংখ্যা ❖ তারিখ ঃ- ০৪.০৯.২০২৩ ❖ সোমবার ❖ মূল্য ঃ- ১ টাকা ❖ বার্ষিক সডাক - ৫০ টাকা


# আবার আসছে দুয়ারে সরকার

পশ্চিমবঙ্গ সরকারের সফলতম এবং জাতীয় স্তরে সমাদৃত ও
রাজ্যের সর্বাধিক মানুষের কাছে সরকারি পরিষেবা প্রদানের অনন্য কর্মসূচি

এপর্যন্ত

| পর্যায় | শিবির | পরিষেবা |
|---|---|---|
| ৬টি | ৪.৬৬ লক্ষ | ৭.২০ কোটি |




এবারও বুথে বুথে

মাননীয়া মুখ্যমন্ত্রী

## মমতা বন্দ্যোপাধ্যায়ের

ঐকান্তিক উদ্যোগে

## ৩৫টি পরিষেবা নিয়ে

১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে
পুনরায় শুরু হচ্ছে

## ‘দুয়ারে সরকার’

(সপ্তম পর্যায়)

**রাউন্ড ১**
আবেদনপত্র গ্রহণ শিবির
১-১৬ সেপ্টেম্বর, ২০২৩

**রাউন্ড ২**
পরিষেবা প্রদান শিবির
১৮–৩০ সেপ্টেম্বর, ২০২৩

### ৭ম পর্যায়ের পরিষেবা:

**নতুন পরিষেবা**

- বার্ধক্য ভাতা
- হস্তশিল্পী ও তাঁতশিল্পীর অনলাইন রেজিস্ট্রেশন
- পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিক কল্যাণ প্রকল্পের নিবন্ধীকরণ
- ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগীদের উদ্যম পোর্টালের অনলাইন নিবন্ধীকরণ

**অন্যান্য পরিষেবা**

- লক্ষ্মীর ভাণ্ডার
- ভবিষ্যৎ ক্রেডিট কার্ড
- খাদ্য সাথী
- স্বাস্থ্য সাথী
- প্রতিবন্ধকতার শংসাপত্র
- জাতিগত শংসাপত্র
- তপশিলি বন্ধু
- মেধাশ্রী
- শিক্ষাশ্রী
- জয় জোহার
- কন্যাশ্রী
- রূপশ্রী
- মানবিক
- বিধবা ভাতা
- কৃষকবন্ধু
- কিষান ক্রেডিট কার্ড (কৃষি)
- কৃষি পরিকাঠামো তহবিল – প্রতিটি আবেদন পৃথকভাবে গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং অনুমোদন প্রদান
- কিষান ক্রেডিট কার্ড (প্রাণীপালন)
- বাংলা কৃষি সেচ যোজনার আওতায় আবেদন গ্রহণ এবং আর্থিক সহায়তার অনুমোদন প্রদান
- ঐক্যশ্রী
- স্টুডেন্ট ক্রেডিট কার্ড
- মৎস্যজীবী নিবন্ধীকরণ
- স্বনির্ভর গোষ্ঠীর ঋণ প্রদান
- আধার পরিষেবা সংক্রান্ত সহায়তা
- ব্যাঙ্কিং পরিষেবা সংক্রান্ত সহায়তা
- কৃষিজমির মিউটেশন
- পাট্টার জন্য আবেদন
- বিনামূল্যে সামাজিক সুরক্ষা যোজনা
- মৎস্যজীবী ক্রেডিট কার্ড
- বকেয়া বিদ্যুৎ বিলের আংশিক মকুব
- বিদ্যুৎ–এর নতুন সংযোগ

‘দুয়ারে সরকার’ শিবিরে সকল পরিষেবার ফর্ম বিনামূল্যে পাওয়া যাবে। ক্যাম্প থেকে প্রাপ্ত ফর্ম ছাড়া কোনো ফর্ম গৃহীত হবে না। পরিষেবার জন্য নিজেরা ক্যাম্পে আসুন। সহায়তার জন্য ০৩৩ ২২১৪ ০১৫২, ১৮০০ ৩৪৫ ০১১৭ নম্বরে সরাসরি ফোন করুন অথবা আপনার নিকটতম বাংলা সহায়তা কেন্দ্রে যোগাযোগ করুন।

আপনার নিকটবর্তী ক্যাম্প কোথায় এবং কবে হবে জানতে ক্লিক করুন: https://ds.wb.gov.in






পাড়ায় সমাধান
পাড়ার প্রয়োজনে, পাড়ার পাশে

**এলাকার জরুরি সমস্যাগুলির দ্রুত সমাধান**
স্থানীয় স্তরে পরিকাঠামোগত শূন্যতা পূরণ ও পরিষেবার ঘাটতি চিহ্নিতকরণ ও পরবর্তীতে তার আশু সমাধান।

পাড়ায় সমাধান–এর আবেদন নেওয়া হবে
**১–১৬ সেপ্টেম্বর, ২০২৩**

৩০ সেপ্টেম্বর, ২০২৩–এর মধ্যে এই পর্যায়ে প্রাপ্ত বৈধ আবেদনগুলির যথাসম্ভব নিষ্পত্তি করা হবে।

সকল সরকারি পরিষেবা বিনামূল্যে পেতে ‘বাংলা সহায়তা কেন্দ্র’–এ যোগাযোগ করুন অথবা লগ অন করুন www.bsk.wb.gov.in-এ

**পশ্চিমবঙ্গ সরকার** | আপনার পাশে, আপনার সাথে

@egiye_bangla

Memo No.: 134(13)/DICO/N/ADVT-23 NDA 12/2023-24 Date: 31.08.2023

# কৃষ্ণনগর গ্রেস কটেজে নজরুল সম্মানে ভূষিত হলেন বাংলাদেশের গবেষক ও কবি আমিনুল ইসলাম




এ বছর ২০২৩ গ্রেস কটেজে নজরুল সম্মানে সম্মানিত হলেন বাংলাদেশের বিশিষ্ট কবি ও নজরুল-সঙ্গীত গবেষক আমিনুল ইসলাম। কৃষ্ণনগরে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের স্মৃতি বিজড়িত হেরিটেজ ভবন গ্রেস কটেজে 'সুজন বাসর' সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে স্থাপিত হয়েছে 'সুজন পাঠাগার ও নজরুল গবেষণা কেন্দ্র'। এই কেন্দ্রের পক্ষ থেকে গতবছর ২০২২ সাল থেকে এই সম্মান প্রদান শুরু হয়েছে। প্রথমবার এই সম্মানে ভূষিত হয়েছেন প্রখ্যাত নজরুল গবেষক ড. বাঁধন সেনগুপ্ত। কাজী নজরুল ইসলাম সৃষ্টির আঙিনায় বিশেষ যে ক্ষেত্রটিতে সমুদ্র পরিমাণ বিস্ময় রেখে গিয়েছেন --- তা হলো তাঁর বিচিত্রগামী সঙ্গীত সম্ভার। শাস্ত্রীয় সঙ্গীতের বিশালতায় অবগাহনের পাশাপাশি নজরুলের সঙ্গীতে যে বিশেষ দিকটির দিকে অপার বিস্ময়ে তাকিয়ে থাকতে হয় --- তা হলো তাঁর গানে বাণীর বৈভব। নজরুল সঙ্গীতে বাণীর এই অপার বৈভবকে তন্ন তন্ন করে খুঁজে আমাদের সামনে তুলে এনেছেন যে অনুরাগী গবেষক --- তাঁর নাম আমিনুল ইসলাম। কর্মজীবনে প্রশাসনিক আধিকারিক, নেশায় কাব্যচর্চা এবং সংগীত বিষয়ে গবেষণা। নজরুলের গানে শব্দের সুনিপুণ প্রয়োগের বৈচিত্র্যকে তিনি গভীর নিষ্ঠায় অনুসন্ধান করেছেন। গত ৩ সেপ্টেম্বর, ২০২৩ রবিবার বিকেলে গ্রেস কটেজে একটি অনাড়ম্বর অথচ মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে 'গ্রেস কটেজ নজরুল সম্মান- ২০২৩' প্রদানের মাধ্যমে তাঁর এই মূল্যবান গবেষণাকর্মকে আনুষ্ঠানিক ভাবে সম্মাননা জ্ঞাপন করা হলো। রীতি অনুসারে প্রথমে কবির আবক্ষ মূর্তিতে মাল্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন সভাধিপতি তারান্নুম সুলতানা মীর, আমিনুল ইসলাম, শিবনাথ চৌধুরী মহাশয়। অনুষ্ঠান কক্ষে কবি-প্রতিকৃতিতে মাল্য অর্পণ করেন সভাপতি দীপংকর দাস। 'দুর্গম গিরি কান্তার মরু' --- সমবেত সূচনা সঙ্গীতে অংশগ্রহণ করেন শঙ্খশুভ্র সরকার, দীপংকার দাস, চঞ্চল ঘোষ, ইনাস উদ্দীন এবং সুকৃতি ঘোষ। স্বাগত ভাষণ প্রদান করেন দীপাঞ্জন দে। স্বাগত কথায় তিনি আমন্ত্রিত কয়েকজন বিশিষ্ট অতিথির কথা উল্লেখ করেন যাঁরা অত্যন্ত গরম আবহাওয়া এবং অন্যান্য কারণে অনুষ্ঠানে উপস্থিত হতে পারেন নি। আসানসোলে কবির স্মৃতি বিজড়িত বিদ্যালয়ের প্রধান শিক্ষক গিয়াসউদ্দিন দালাল, যিনি কাজী নজরুল ইসলামের কবিতা, গান সহ প্রায় অর্ধেক রচনার ইংরেজি অনুবাদ করেছেন, এখনো সে কাজে নিবিষ্ট, তিনি সস্ত্রীক এদিনের অনুষ্ঠানে ইচ্ছে থাকলেও শেষ পর্যন্ত আসতে পারেন নি বলে দুঃখ প্রকাশ করেছেন। অতিরিক্ত জেলাশাসক শ্রীনিবাস ভেংকটরাও পাতিল, যিনি গ্রেস কটেজ সংস্কারের কার্যে ঘনিষ্ঠ ভাবে যুক্ত ছিলেন, জরুরী কার্যে কলকাতা যাওয়ার কারণে দুঃখ প্রকাশ করে অনুষ্ঠানের সাফল্য কামনা করেছেন। পারিবারিক কারণে আসতে না পারার জন্য দুঃখ প্রকাশ করেছেন পৌরপ্রধান শ্রীমতী রীতা দাস। সম্মাননা জ্ঞাপন পর্বে এবছরের সম্মান-প্রাপক আমিনুল ইসলামকে প্রথমে হস্তশিল্পীদের সূচীকর্মে শিল্পিত উত্তরীয় পরিয়ে স্বাগত-সম্মান জানান সংস্থার সভাপতি দীপংকর দাস। সম্মাননা স্মারক তুলে দেন নদীয়া জেলা পরিষদের সভাধিপতি তারান্নুম সুলতানা মীর। উল্লেখ্য যে কাঠের ফ্রেমে ছাই-মাটি রঙে ফাইবার গ্লাসে কাজী নজরুল ইসলামের মূর্তি সম্বলিত সম্মাননার জন্য নির্দিষ্ট এই সুদৃশ্য স্মারকটি নির্মাণ করেছেন ঘূর্ণির তরুণ শিল্পী বাপী দাস। মানপত্রটি যৌথভাবে তুলে দেন নদীয়া জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি শিবনাথ চৌধুরী এবং সভাধিপতি মহাশয়া। তার আগে মানপত্রটি পাঠ করেন অমৃতাভ দে। সম্মাননার প্রতীকী অর্থসম্বলিত খামটি প্রাপকের হাতে তুলে দেন শহরের বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী চঞ্চল ঘোষ। তুলনামূলক বড়ো আকারের মানপত্র ঢাকা পর্যন্ত নিয়ে যাওয়া সম্ভব নাও হতে পারে। এই সম্ভবানা মাথায় রেখে মানপত্রের একটি কপি রোল করে লম্বা বক্স আকারের চারকোনা সুদৃশ্য একটি খামের ভিতর প্রস্তুত করে রেখেছিল অমৃতাভ দে। সেটি আমিনুল ইসলামের হাতে তুলে দেন অধ্যাপক সাজাহান আলি। কৃষ্ণনগর শহরের ঐতিহ্যবাহী মিষ্টি সরপুরিয়ার একটি প্যাকেট তাঁর তুলে দেন সৌমেন দত্ত এবং কমল মন্ডল। সভাধিপতি মহাশয়া তাঁর বক্তব্যে গ্রেস কটেজের রক্ষবাবেক্ষণ তথা সম্মাননা প্রদানের এই উদ্যোগের জন্য সুজন বাসর সংশ্লিষ্ট সকলের প্রতি প্রশংসা এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামীতে এই উদ্যোগে যথাসম্ভব পাশে থাকার এবং সহায়তা করার জন্য তিনি আশ্বাস প্রদান করেন। গ্রেস কটেজকে নিয়ে আন্দোলনের সূচনা থেকে একজন অগ্রণী সহযোদ্ধা শিবনাথ চৌধুরী প্রসঙ্গক্রমে উল্লেখ করেন যে রবীন্দ্রনাথের স্মৃতি বিজড়িত বীরবল প্রমথ চৌধুরীর নিবাস রানিকুঠি কাগজে কলমে হেরিটেজ ঘোষণা হলেও তার রক্ষণাবেক্ষণে মর্যাদাপূর্ন কোনো উদ্যোগ এখনো গ্রহণ করা হয়নি। এ বিষয়ে আমাদের সকলকে সচেষ্ট হতে হবে। সম্মান প্রাপকের বক্তব্যে আমিনুল ইসলাম রবীন্দ্রনাথ এবং নজরুলকে বিশ্বমানবতার তথা জাতিধর্মনির্বিশেষে বাঙালি জাতিসত্ত্বার প্রতীক হিসেবে ব্যাখ্যা করেন। কাজী নজরুল ইসলাম কিষাণ মজুর জেলে প্রভৃতি দরিদ্র লেখাপড়া না জানা সাধারণ মানুষের পাশাপাশি উচ্চশিক্ষিত শিল্পবোদ্ধা মানুষজনের জন্যও গান লিখেছেন। সুতরাং তাঁর গানের বাণীতে বিপুল রকম বৈচিত্র্য ঘটেছে। উৎসবের মেজাজের এদিনের অনুষ্ঠানে বিশিষ্ট জনদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রখ্যাত গল্পকার আনসারউদ্দিন, নদিয়া জেলা পরিষদের সচিব সৌমেন দত্ত, বেলডাঙ্গা কলেজের অধ্যক্ষ সুহাস রায়, ডি.এল. রায় কলেজের পূর্বতন অধ্যক্ষ সাজাহান আলি, প্রাবন্ধিক গবেষক দেবনারায়ণ মোদক, পৌরসভার কাউন্সিলর তথা নজরুল সাহিত্যের অনুবাদক ড: আবুল হোসেন বিশ্বাস, কৃষ্ণনগর একাডেমি স্কুলের অধ্যক্ষ সুব্রত চট্টোপাধ্যায়, অধ্যাপক সিরাজুল ইসলাম, নজরুলসঙ্গীত শিল্পী শাহাবুদ্দিন বেতার, ঢাকার বিশিষ্ট চিত্রগ্রাহক জান্নাতুল মাওয়া, লালগোলা মুর্শিদাবাদের নজরুল অনুরাগী জহিরুল হক প্রমুখ। সুজন বাসরের পক্ষে পুষ্পস্তবক দিয়ে আনুষ্ঠানিক ভাবে সম্মান জানিয়ে তাঁদের বরণ করে নেন সুকৃতি ঘোষ, গৌরী সাহা, মমতা বিশ্বাস, দীপাঞ্জন দে, দেবাশীষ মন্ডল, সঞ্জীব রাহা, তপনকুমার ভট্টাচার্য, অলোক সান্যাল, সম্পদ নারায়ণ ধর প্রমুখ। দেবনারায়ণ মোদক, আনসারউদ্দিন, তপনকুমার ভট্টাচার্য, আবুল হোসেন প্রমুখ কয়েকজন তাঁদের প্রকাশিত গ্রন্থ সম্মাননা প্রাপক অতিথির হাতে তুলে দেন। অমৃতাভ দে, ডা: সারিকুল ইসলাম, জহিরুল হক প্রমুখ তুলে দেন তাঁদের সম্পাদিত পত্রিকার কপিও। আমিনুল ইসলাম তাঁর গবেষণা গ্রন্থ 'নজরুল সংগীতে বাণীর বৈভব' সহ আরো কয়েকটি কাব্য এবং নিবন্ধ পুস্তক সুজন পাঠাগারের জন্য উপহার প্রদান করেন। গ্রহণ করেন সভাপতি দীপংকর দাস এবং সম্পাদক ইনাস উদ্দীন। অনুষ্ঠান কক্ষের বাইরে সুজন প্রকাশনী প্রকাশিত পুস্তক সহ আমিনুল ইসলাম, দেবনারায়ণ মোদক প্রমুখ লেখকের পুস্তক প্রদর্শনীর একটা ব্যবস্থা করা হয়েছিল। সে দায়িত্ব সামলেছেন মমতা বিশ্বাস। আমিনুল ইসলামের বক্তব্যের পরেই সভাপতি ধন্যবাদ বিকেল সাড়ে পাঁচটা নাগাদ এইদিন অনুষ্ঠানের সমাপন ঘোষণা করেন। আনুষ্ঠানিক সমাপন হলেও আরও প্রায় আধঘন্টা পারস্পরিক আলাপচারিতা চলতে থাকে সামগ্রিক ভাবে অনুষ্ঠান পরিচালনা করেন সম্পাদক ইনাস উদ্দীন।

# কাজী নজরুল ইসলামের ৪৭ তম প্রয়াণ বার্ষিকী



নিজস্বঃ ২৯শে আগস্ট ২০২৩ পশ্চিমবঙ্গ সরকারের নদীয়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে নদিয়া জেলা পরিষদের সভাকক্ষে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ৪৭ তম প্রয়াণ বার্ষিকী পালিত হয়। উপস্থিত ছিলেন নদীয়া জেলার অতিরিক্ত জেলা শাসক উন্নয়ন শ্রী নিবাসন পাতিল (আই.এ.এস) নদীয়া জেলা পরিষদের সচিব সৌমেন দত্ত, নদিয়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক প্রদীপ্ত আচার্য। নজরুল অনুষ্ঠানে বক্তব্য, নজরুল গীতি, আবৃত্তি, নিত্য পরিবেশিত হয় স্থানীয় শিল্পীদের উপস্থিতিতে।

## CAMP SUMMARY_DS_VII_NADIA:

- Total nos. of Application Receiving CAMP (Cumulative) as on 04/09/2023: 1459 Nos. (Conventional Camp: 1045; Mobile Camp: 414)
- Today's Camp (i.e. 04.09.2023): 602 Nos. (Conventional Camp: 424; Mobile Camp: 178)
- Total Cumulative Footprint Count (as on 04/09/2023): 1,27,124 Nos.
- Total Number of Applications Received (as on 03/09/2023): 43,420 Nos.
- Total Number of Applications Approved (as on 03/09/2023): 30,823 Nos.
- Total Number of Services Delivered as on 03/09/2023): 23,271 Nos.



১লা সেপ্টেম্বর ২০২৩ চাপড়া দুয়ারে সরকার শিবির পরিদর্শন করেছেন অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন) শ্রীনিবাসন পাতিল (আই এ এস), সদর মহকুমাশাসক চিত্রদীপ সেন, জেলা পরিষদের সদস্যা সাবিনা ইয়াসমিন প্রমুখ।

# সিটিজেন ফোরামের রাখীবন্ধনে বিপ্লবীকে শ্রদ্ধাঞ্জলি




সিটিজেন ফোরামের উদ্যোগে প্রতি বছরের মতো এই বছরও সম্প্রীতির মেলবন্ধন রাখীবন্ধন উৎসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই উপলক্ষে শহরের সুভাষ এভিনিউ নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তির পাদদেশে নদিয়া তথা রাণাঘাটের স্বাধীনতা সংগ্রামী তথা চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনে মাস্টারদা সূর্য সেনের ঘনিষ্ঠ বিপ্লবী সহায়রাম দাসের প্রতি শ্রদ্ধা নিবেদিত হয়। শুধু তাইই নয়, সহায়রাম দাসের ভাইজি সাহানা দাসকে সম্মানিত করে তার হাতে কিছু অর্থ তুলে দেওয়া হয়।

এই উপলক্ষে সিটিজেন ফোরামের সম্পাদক পরেশনাথ কর্মকার বলেন, স্বাধীনতার মাসে জন্মগ্রহণ করা বিপ্লবীকে আমরা স্মরণ করে আপামর রানাঘাট বাসীর সামনে তার বৈপ্লবিক কর্মকান্ড বক্তব্যের আকারে পেশ করলাম। শুধু তাইই নয়, মিশন চন্দ্রযান অভিযানে গবেষণার কাজে যুক্ত রাণাঘাটের সুসন্তান নির্নিমেষ দে এবং সম্প্রতি বয়স্ক বিভাগে পদক জয়ী আন্তর্জাতিক অ্যাথলেট হাসিরাশি দেকে সম্বর্ধনা দেওয়া হয় এই শুভখ্যণে। এদিন উপস্থিত ছিলেন পুরপ্রধান কোশলদেব বন্দ্যোপাধ্যায় সহ রাণাঘাটের সুধী গুণীজন। নাচ, গান, আবৃত্তির মাধ্যমে অনুষ্ঠানটি সর্বাঙ্গ সুন্দর হয়েছিল।

# কৃষ্ণনগর দ্বিজেন্দ্রলাল কলেজের বাংলা বিভাগ এক আন্তর্জাতিক আলোচনা সভা



কৃষ্ণনগর দ্বিজেন্দ্রলাল কলেজের বাংলা বিভাগ এক আন্তর্জাতিক আলোচনা সভা অনুষ্ঠিত করেন ২৫ আগস্ট, ২০২৩, শুক্রবারে। এই আলোচনায় উপস্থিত ছিলেন বাংলাদেশের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের , প্রাক্তন অধ্যাপক গোলাম মুস্তাফা স্যার, কল্যানী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান ড. সঞ্জিৎ মন্ডল, উপস্থিত ছিলেন জিয়াগঞ্জের শ্রীপৎ সিং কলেজের দেবযানী ভৌমিক চক্রবর্তী। আলোচনা সভা আয়োজন করেছিলেন দ্বিজেন্দ্রলাল কলেজের বাংলা বিভাগের প্রধান রানু বিশ্বাস ও অধ্যক্ষ স্যার বাণীব্রত গোস্বামী। ওই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষকগণ ও অন্যান্য কলেজের অধ্যাপক, অধ্যাপিকা।

# শুভেচ্ছা পত্রিকার ২৬ তম সাহিত্যবাসর



২৭ অগস্ট ২০২৩ রবিবার অপরাহ্ন ২৬ তম অনুষ্ঠান হয়ে গেল চাপড়া শিশু নিকেতন স্কুলে। উদ্বোধক কবি শর্মিষ্ঠা মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন। রবীন্দ্রসংগীত, ধুয়ো-জারী গানের শিল্পী আজিমুদ্দিন মণ্ডল পরিবেশন করেন বেশ কয়েকটি গান। স্বরচিত কবিতা পাঠ করেন কবি নৈরৃখতী বিশ্বাস কৃষ্ণা ঘোষ ফতেমা বেগম জাহানারা বেগম সেখ সামসুন্নাহার খোদেজা সেখ অনিন্দিতা মণ্ডল। রবীন্দ্রসংগীত পরিবেশন করে শিশু শিল্পী দিয়া আহমেদ। সভাপতিত্ব কবি রামপ্রসাদ মুখোপাধ্যায়। সেরিনা খান (শুভেচ্ছা : সম্পাদক) ধন্যবাদ জ্ঞাপন করেন। সমাপ্তি সংগীত (কুবিরগীতি) পরিবেশন করেন সাধন পাত্র।

# ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন এন্ড কাউন্সেলিং এর পক্ষ থেকে রাখি বন্ধন উৎসব



ইন্টারন্যাশনাল হিউমান রাইটস কমিশন এন্ড কাউন্সেলিং এর পক্ষ থেকে রাখি বন্ধন উৎসব পালন করা হলো। এদিন বিভিন্ন জায়গায় রাখি বন্ধন উৎসব পালন করা হয় সংস্থা পক্ষ থেকে। এদিন প্রথমে তাহেরপুর থানায় রাখি বন্ধন উৎসব করা হয় তারপরে কৃষ্ণনগর বিএসএফ সেক্টর হেডকোয়ার্টার এবং সীমানগরে বিএসএফ জওয়ানদের হাতে রাখি পরিয়ে দেওয়া হয়, সংস্থার পক্ষ থেকে। পাশাপাশি কৃষ্ণনগরে এসপি অফিস , কোতোয়ালি থানা এবং কৃষ্ণনগর ট্রাফিক অফিসে ডিউটি রত বিভিন্ন পুলিশ কর্মীদের হাতে রাখি পরিয়ে দেয় ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন এন্ড কাউন্সিলিং এর সদস্যরা । এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইন্টারন্যাশনাল হিউম্যান রাইট কমিশন এন্ড কাউন্সিলিং এর সভাপতি কৃষ্ণ মন্ডল, কার্যকরী সভাপতি শক্তিপদ সরকার , মহিলা সভানেত্রী অনিতা বিশ্বাস , সহ-সভাপতি আবু জামশেদ লস্কর, অর্গানাইজিং সেক্রেটারি বিষ্ণুপদ সরকার, সাধারণ সম্পাদক নিরঞ্জন বিশ্বাস, সম্পাদক মিহির কর্মকার, সাধন চক্রবর্তী, সোমেন মন্ডল, ইন্ডিয়া চ্যাপ্টার কমিটির সম্পাদক দেবাশীষ তোলা পাত্র, রাজ্য সভাপতি সুমন কুমার হরি, রাজ্য মহিলা কার্যকরী সভা নেত্রী কৃষ্ণা পাইন এছাড়া উপস্থিত ছিলেন নিতাই বসাক সিউ পাইন, সুজন হালদার, বাপি সরকার, অসীম বৌদ্ধ সহ আরো বিভিন্ন নেতৃত্ব এবং কর্মীরা উপস্থিত ছিলেন এই অনুষ্ঠানে। এদিন সকাল ১১টা থেকে এই অনুষ্ঠান বৈকাল পাঁচটা পর্যন্ত হয়। এদিন সংস্থার প্রায় ৫০ থেকে ৬০ জন কর্মীরা উপস্থিত ছিলেন। সংস্থার এই অভিনব উদ্যোগে খুশি বিএসএফ থেকে শুরু করে বিভিন্ন পুলিশ আধিকারিকরা। এই উদ্যোগ কেসাধুবাদ জানিয়েছেন বুদ্ধিজীবী মহল




৪ঠা সেপ্টেম্বর ২০২৩ কালীগঞ্জ বিডিও অফিসে সংবর্ধনা দেওয়া হলো দীন মজুর পরিবার থেকে ডব্লিউ বি সি এস (এক্সিকিউটিভ) পরীক্ষার উত্তীর্ণ হয়েছেন বড়চাঁদঘরের রামিজ রাজা সেখকে। উপস্থিত ছিলেন সভাধিপতি তারান্নুম সুলতানা মীর, বিধায়ক নাসিরউদ্দীন আহমেদ, সভাপতি শেফালি খাতুন, বিডিও উৎপল দাস মহুরী প্রমুখ।

মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** ঐকান্তিক উদ্যোগে

## ৩৫টি পরিষেবা নিয়ে

১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে পুনরায় শুরু হল

## 'দুয়ারে সরকার'

(সপ্তম পর্যায়)

## নদিয়া

০৪/০৯/২০২৩




নদিয়ার চাকদহ ব্লকের একটি দুয়ারে সরকার শিবিরের চিত্র - পরিষেবা গ্রহণের জন্য সাধারণ মানুষের অবিরাম আনাগোনা।

মোট শিবির : ৬০২, মোট উপস্থিতি : ১,২৭,১২৪

পশ্চিমবঙ্গ সরকার | আপনার পাশে, আপনার সাথে @egiye_bangla

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উদ্যোগে
৩৫টি পরিষেবা নিয়ে
১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে পুনরায় শুরু হল
'দুয়ারে সরকার'
(সপ্তম পর্যায়)
নদিয়া
০৪/০৯/২০২৩




নদিয়ার কৃষ্ণনগর ২ ব্লকের একটি দুয়ারে সরকার শিবিরের বাইরে আগত মানুষের ভীড় - LED ট্যাবলোর মাধ্যমে প্রচারিত রাজ্য সরকারের উন্নয়নের চিত্র দেখার আগ্রহ।

মোট শিবির : ৬০২, মোট উপস্থিতি : ১,২৭,১২৪
পশ্চিমবঙ্গ সরকার | আপনার পাশে, আপনার সাথে @egiye_bangla
মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উদ্যোগে
৩৫টি পরিষেবা নিয়ে
১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে পুনরায় শুরু হল
'দুয়ারে সরকার'
(সপ্তম পর্যায়)
নদিয়া
০৪/০৯/২০২৩



করিমপুর ২ ব্লকের নতিডাঙ্গা ১ গ্রাম পঞ্চায়েতে সপ্তম পর্যায়ের দুয়ারে সরকার শিবিরে মানুষের উপচে পড়া ভিড়-
তেহট্ট মহকুমা, নদিয়া।

মোট শিবির : ৬০২, মোট উপস্থিতি : ১,২৭,১২৪
পশ্চিমবঙ্গ সরকার | আপনার পাশে, আপনার সাথে @egiye_bangla
মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উদ্যোগে
৩৫টি পরিষেবা নিয়ে
১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে পুনরায় শুরু হল
'দুয়ারে সরকার'
(সপ্তম পর্যায়)
নদিয়া
০৪/০৯/২০২৩




নদিয়ার তেহট্ট ২ ব্লকের পলাশীপাড়া গ্রাম পঞ্চায়েত এলাকার একটি দুয়ারে সরকার শিবিরে আশাকর্মীরা বিনামূল্যে স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন পরিষেবা দিচ্ছেন।

মোট শিবির : ৬০২, মোট উপস্থিতি : ১,২৭,১২৪
পশ্চিমবঙ্গ সরকার | আপনার পাশে, আপনার সাথে @egiye_bangla
মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উদ্যোগে
৩৫টি পরিষেবা নিয়ে
১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে পুনরায় শুরু হল
'দুয়ারে সরকার'
(সপ্তম পর্যায়)
নদিয়া
০৪/০৯/২০২৩



নদিয়ার তেহট্ট ১ ব্লকে ভ্রাম্যমাণ দুয়ারে সরকার শিবিরের মাধ্যমে প্রত্যন্ত এলাকার মানুষের দরজায় প্রশাসন।

মোট শিবির : ৬০২, মোট উপস্থিতি : ১,২৭,১২৪
পশ্চিমবঙ্গ সরকার | আপনার পাশে, আপনার সাথে @egiye_bangla
মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উদ্যোগে
৩৫টি পরিষেবা নিয়ে
১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে পুনরায় শুরু হল
'দুয়ারে সরকার'
(সপ্তম পর্যায়)
নদিয়া
০৪/০৯/২০২৩



নদিয়া জেলার গয়েশপুর পৌরসভার একটি দুয়ারে সরকার শিবিরে সকাল থেকেই মানুষের কাছে পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য কর্মব্যস্ততা।

মোট শিবির : ৬০২, মোট উপস্থিতি : ১,২৭,১২৪
পশ্চিমবঙ্গ সরকার | আপনার পাশে, আপনার সাথে @egiye_bangla

**Picture : DICO, Nadia**

Printed, Published and owned by Ajoy Kumar Sarkar, Published from Tarak Das Road, P.O. - Karimpur, Dist. - Nadia, West Bengal, Pin-741152 and printed at ILA ART PRESS, 83, Raja Road, P.O. - Krishnagar, Dist. - Nadia-741101, (W.B.). Editor - Ajoy Kumar Sarkar, Flat No. 302, 3rd Floor, Maa Sarada Abasan, 75/1, J.N.Road, P.O. - Krishnagar, Dist. - Nadia-741101,Mob. : 9933542032, Email : aschasibhai@gmail.com